গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
প্রশাসন শাখা (সেবা)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

বিষয়: স্বাধীনতার মহান স্থপতি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ পালনে গৃহীত কর্মসূচি বাস্তবায়নে ফলোআপ সভার কার্যবিবরণী।

সভাপতি : লায়লা জেসমিন
অতিরিক্ত সচিব(প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়।

তারিখ : ১০-০৮-২০২২ খ্রি:

সময় : বেলা ৩.০০ টা

সভার স্থান : মন্ত্রণালয়ের সভাকক্ষ

সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভাপতি সভাকক্ষে উপস্থিত এবং জুম অ্যাপের মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানান। আলোচনার শুরুতে তিনি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন এবং ১৫ আগস্ট ১৯৭৫-এর সকল শহীদের আত্মার মাগফিরাত কামনা করেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস, ২০২২ পালনের জন্য জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে নৌপরিবহন মন্ত্রণালয় ও অধিনস্থ দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত কর্মসূচি সম্পর্কে তথ্য উপস্থাপনের অনুরোধ জানান।

২। সভাপতির অনুমতিক্রমে সভায় চেয়ারম্যান, মোংলা বন্দর কর্তৃপক্ষ, প্রতিনিধি চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ, পায়রা বন্দর কর্তৃপক্ষ, সদস্য, বাংলাদেশ স্থল বন্দর কর্তৃপক্ষ, মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, কমান্ড্যান্ট, পরিচালক, নাবিক ও শ্রমিক কল্যাণ পরিদপ্তর, কমান্ড্যান্ট, মেরিন একাডেমী, চট্টগ্রাম/সিলেট/পাবনা/বরিশাল/রংপুর এবং অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে নিজ নিজ দপ্তরে গৃহীত কর্মসূচির বিস্তারিত উপস্থাপন করেন। গৃহীত এসব কর্মসূচির ওপরে আলোচনায় সকলে সক্রিয় অংশগ্রহণ করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত কর্মসূচিসমূহ পালনের সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১। | ১৫ আগস্ট ২০২২ তারিখ সোমবার নৌপরিবহন মন্ত্রণালয়ের অধীনস্থ দপ্তর/সংস্থায় জাতীয় পতাকা অর্ধনমিত রাখা। | সকল দপ্তর/সংস্থা। |
| ২। | ১৫ আগস্ট ২০২২ তারিখ সকাল ৭.৩০ টায় জাতীয় কর্মসূচির সাথে সমন্বয় করে ধানমন্ডি ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা। | নৌপরিবহন মন্ত্রণালয়।<br>সকল দপ্তর/সংস্থা। |
| ৩। | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বরণকে শ্রদ্ধা জানাতে নৌপরিবহন মন্ত্রণালয় এবং অধীনস্থ সকল দপ্তর/সংস্থায় কর্মরত সকল কর্মকর্তা/কর্মচারীগণ আগস্ট/২০২২ মাসব্যাপী কালো ব্যাজ পরিধান করা। | নৌপরিবহন মন্ত্রণালয়।<br>সকল দপ্তর/সংস্থা। |
| ৪। | দিবসটি পালনের জন্য অধিনস্থ সংস্থাসমূহের শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ জাতীয় কর্মসূচির আলোকে বঙ্গবন্ধুর জীবনীভিত্তিক বক্তৃতার আয়োজন। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা। |
| ৫। | সামাজিক দূরত্ব নিশ্চিতপূর্বক স্বাস্থ্যবিধি অনুসরণ করে নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার মসজিদসমূহে বিশেষ মোনাজাত ও দোয়া প্রার্থনা। | সকল দপ্তর/সংস্থা। |
| ৬। | মন্ত্রণালয় এবং অধীনস্থ সংস্থাসমূহে সুবিধাজনক স্থানে প্রচারণামূলক ব্যানার, ফেস্টুন এবং ডিজিটাল ডিসপ্লে স্থাপন। | সকল দপ্তর/সংস্থা। |

| | | |
|---|---|---|
| ৭। | জাতীয় শোক দিবসের তাৎপর্যকে ধারণ করে বৃক্ষরোপন কর্মসূচি আয়োজন। | সকল দপ্তর/সংস্থা। |
| ৮। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ঘোষিত কর্মসূচির সাথে সমন্বয় রেখে নৌপরিবহন মন্ত্রণালয় এবং অধীনস্থ সকল দপ্তর/স্থংস্থাসমূহ কর্তৃক প্রণীত কর্মসূচিসমূহ বাস্তবায়ন। | নৌপরিবহন মন্ত্রণালয়। সকল দপ্তর/সংস্থা। |
| ৯। | নৌপরিবহন মন্ত্রণালয়ের পক্ষ হতে ১৫-০৮-২০২২ তারিখ বেলা ১১.০০ ঘটিকায় বাংলাদেশ অভ্যন্তরীণ নৌপরিবহন কর্তৃপক্ষ (বিআইডব্লিউটিএ)'র মুক্তিযোদ্ধা স্মৃতি মিলনায়তনে জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা ও দোয়ার আয়োজন। | নৌপরিবহন মন্ত্রণালয় বিআইডব্লিউটিএ |

০৩। জাতীয় শোক দিবস, ২০২২ যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের লক্ষ্যে গৃহীত কর্মসূচিসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য সভাপতি অনুরোধ জানান। দিবস পালনকালে স্বাস্থ্য অধিদপ্তর হতে জারিকৃত **১৫ ই আগস্ট জাতীয় শোক দিবস পালনকালে কোভিড-১৯ সংক্রমণ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে নির্দেশনা** যথাযথভাবে মেনে চলার জন্যও তিনি পরামর্শ প্রদান করেন।

০৪। আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৪/০৮/২০২২
লায়লা জেসমিন
অতিরিক্ত সচিব(প্রশাসন)

নং-১৮.০০.০০০০.০১৬.২৩.০০১.২২- ৪০৮

তারিখ: ১৪.০৮.২০২২ খ্রি:

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। অতিরিক্ত সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
২। চেয়ারম্যান, জানরক/বিআইডব্লিউটিএ/বিআইডব্লিউটিসি/চবক/মোবক/পাবক/বাস্থবক।
৩। মহাপরিচালক, নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা।
৪। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, চট্টগ্রাম।
৫। যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭। কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, চট্টগ্রাম/বরিশাল/পাবনা/রংপুর/সিলেট।
৮। পরিচালক, নাবিক ও প্রবাসী শ্রমিক কল্যাণ পরিদপ্তর, চট্টগ্রাম।
৯। অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম।
১০। সিনিয়র সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। সহকারী সচিব (সকল) নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। হিসাব রক্ষণ কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি ঃ

১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা।
৩। সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারী প্রোগ্রামার, নৌপরিবহন মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

১৪.৮.২২
মোঃ আলাউদ্দিন
সহকারী সচিব(প্রশাসন-২)
ফোন: ০২-৫৫১০০৬৩৮